গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

মুজিব শতবর্ষ MUJIB 100







# ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণ ডকুমেন্টেশন







বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



# সূচিপত্র


| | পৃষ্ঠা |
|---|---|
| **অধ্যায়-১** | |
| পানি সম্পদ মন্ত্রণালয় | ১ |
| ভূমিকা | ১ |
| কর্ম-পরিধি | ১ |
| সাংগঠনিক কাঠামো, জনবল ও অর্গানোগ্রাম এবং কর্মবণ্টন ও কর্মসম্পাদন | ২ |
| জনবল | ৩ |
| সেবা সহজিকরণ | ৫ |
| **অধ্যায়-২** | |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | ১৫ |
| ভূমিকা | ১৫ |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সৃষ্টি | ১৫ |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০ | ১৫ |
| পরিচালনা পরিষদ | ১৫ |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন ২০০০ অনুসারে বাপাউবোর কার্যাবলি | ১৬ |
| সাংগঠনিক কাঠামো | ১৬ |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আইসিটি সেবা প্রোফাইল | ১৮ |
| WMO নিবন্ধন ও সেচ ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা সহজিকরণ | ২৭ |
| পানি বিজ্ঞান সংক্রান্ত তথ্য-উপাত্ত প্রদান পদ্ধতি সহজিকরণ | ৩৪ |
| **অধ্যায়-৩** | |
| বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | ৩৯ |

# অধ্যায়-১

# পানি সম্পদ মন্ত্রণালয়ের
# ২০২০-২১ অর্থবছরের
# উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণ
# ডকুমেন্টেশন

# পানি সম্পদ মন্ত্রণালয়

## ভূমিকা

পানি সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশের সার্বিক পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত। এ মন্ত্রণালয় পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা এবং এর আওতাধীন দপ্তরসমূহের পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য সকল প্রকার নীতি, পরিকল্পনা, কর্মকৌশল, নির্দেশমালা, আইন, বিধি-বিধান, রেগুলেশন ইত্যাদি প্রণয়ন করে থাকে। এ মন্ত্রণালয় বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও নিষ্কাশন, নদীতীর ভাঙ্গন প্রতিরোধ, ব-দ্বীপ উন্নয়ন, ভূমি পুনরুদ্ধার প্রভৃতি বিষয়ে উন্নয়ন প্রকল্প প্রস্তুত ও বাস্তবায়নের মাধ্যমে ব্যারেজ, রেগুলেটর, স্লুইস, খাল, বেড়িবাঁধ, রাবার ড্যাম, বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, উপকূলীয় বাঁধ নির্মাণ ও খাল খনন-পুনঃখনন করে সেচ, জলাবদ্ধতা নিরসন, বন্যা প্রতিরোধ, নদীর তীর ভাঙ্গন প্রতিরোধ, ভূমি পুনরুদ্ধার বিষয়ে সেবাসমূহ প্রদান করে থাকে।

## কর্ম-পরিধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রুলস অব বিজনেস এর এলোকেশন অব বিজনেস অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয়ের কর্ম-পরিধি নিম্নরূপঃ

১. নদী এবং নদী অববাহিকার উন্নয়ন ও নিয়ন্ত্রণ;
২. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন এবং নদীভাঙ্গন ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা প্রদান;
৩. সেচ, বন্যা-পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতি সম্পর্কিত সকল বিষয়াবলী;
৪. নদী অববাহিকা প্রকল্প এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা বিষয়ে মৌলিক, প্রধান এবং ফলিত গবেষণা পরিচালনা;
৫. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা;
৬. সেচ, বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ ব্যবস্থাপনায় আন্তর্জাতিক কমিশন এবং কনফারেন্স;
৭. বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে বিভিন্ন প্রকল্পের আওতায় নদী ড্রেজিং, খাল খনন এবং রক্ষণাবেক্ষণ; খাল খনন কর্মসূচির আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
৮. ভূমি সংরক্ষণ, নিষ্কাশন এবং জলাবদ্ধতা বিষয়ক কার্যাবলি;
৯. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ এবং ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি;
১০. ভূমি পুনরুদ্ধার, মোহনা নিয়ন্ত্রণ বিষয়ক কার্যাবলি;
১১. লবণাক্ততা এবং মরুকরণ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
১২. হাইড্রোলজিকাল জরিপ এবং উপাত্ত সংগ্রহ;
১৩. যৌথ নদী কমিশন, যৌথ কমিটি, স্থায়ী কমিটি ইত্যাদি এবং অভিন্ন সীমান্ত নদী সম্পর্কিত সকল কার্যাবলি;
১৪. আর্থিক বিষয়াবলীসহ মন্ত্রণালয়ের প্রশাসনিক সচিবালয়;
১৫. মন্ত্রণালয়ের অধীন সংস্থাসমূহের প্রশাসন এবং নিয়ন্ত্রণ;
১৬. মন্ত্রণালয়ের কর্ম-পরিধির আওতায় বর্ণিত বিষয়াবলীতে আন্তর্জাতিক সংস্থাসমূহ এবং বিশ্বের অন্যান্য দেশ এবং বিশ্ব সংস্থাসমূহের সাথে সম্পাদিত চুক্তি বিষয়ে লিয়াজোঁ;
১৭. মন্ত্রণালয় সম্পর্কিত সকল বিষয়ক আইন কানুন;
১৮. মন্ত্রণালয়কে বণ্টিত বিষয়াবলীর ওপর অনুসন্ধান এবং পরিসংখ্যান;
১৯. আদালতে গৃহীত ফি ছাড়া মন্ত্রণালয়কে বণ্টিত বিষয়সমূহের ওপর প্রযোজ্য ফি আদায়।

জাতীয় পানি নীতি ১৯৯৯ অনুযায়ী মন্ত্রণালয়ের দায়িত্ব হলো সকল পানি সম্পদ খাতের কার্যক্রমের প্রাতিষ্ঠানিক সংস্কারের জন্য ফ্রেইমওয়ার্ক প্রণয়ন এবং সে অনুযায়ী নিম্নলিখিত কার্যাদি সম্পাদনঃ

- দুস্প্রাপ্য পানির এলাকায় জরুরী সময়ে প্রাধিকারভিত্তিতে পানি বণ্টনের ক্ষমতা প্রয়োগ; জনসাধারণকে অবহিত রেখে পানির দুস্প্রাপ্য চিহ্নিত এলাকার ভূ-গর্ভস্থ পানির অগভীর স্তর অক্ষুণ্ন রেখে ভূ-গর্ভস্থ পানি উত্তোলন ব্যবস্থা নিয়ন্ত্রণ;
- যে সব এলাকায় প্রতি বৎসর পানির স্বল্পতা দেখা দেয়, সে সব এলাকার খরা মোকাবেলার জন্য সুনির্দিষ্ট পরিবীক্ষণ ও জরুরী পরিকল্পনা প্রস্তুত করা;
- চরম খরাকালীন সময়ে স্থানীয় সরকার বা যে কোন সংস্থাকে খরা কবলিত এলাকায় পানি সরবরাহের নির্দেশ প্রদান করা এবং পানির উৎস নিয়ন্ত্রণসহ প্রয়োজনে আইন প্রয়োগ করা;
- নিরাপদ ও নির্ভরযোগ্য ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি প্রদানের জন্য বেসরকারি ও গোষ্ঠীভিত্তিক সংস্থাকে পানির অধিকার প্রদান করা;
- নদী/চ্যানেলের প্রবাহ অক্ষুণ্ন রাখতে প্রয়োজনীয় সর্বনিম্ন পানি প্রবাহ নিশ্চিত করা।

## সাংগঠনিক কাঠামো, জনবল ও অর্গানোগ্রাম এবং কর্মবণ্টন ও কর্মসম্পাদন

পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছে একজন কেবিনেট মন্ত্রী এবং একজন প্রতিমন্ত্রী। রুলস অব বিজনেস ১৯৯৬ অনুযায়ী মাননীয় মন্ত্রীদ্বয় মন্ত্রণালয়ের কর্মকাণ্ড বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করছেন। মন্ত্রণালয়ে একজন সচিব রয়েছেন। মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান হিসেবে তিনি মন্ত্রণালয় এবং এর অধীনস্থ/সংশ্লিষ্ট সংস্থাসমূহ যথাঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, নদী গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, যৌথ নদী কমিশন; বাংলাদেশ, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) এবং সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS) এর কর্মকাণ্ড আইন অনুযায়ী নিষ্পন্ন করেন। এছাড়াও, প্রিন্সিপাল একাউন্টিং অফিসার হিসেবে সচিব মন্ত্রণালয় ও এর অধীনস্থ/সংশ্লিষ্ট সংস্থাসমূহের ব্যয়ের যথার্থতা নিশ্চিতকরণের দায়িত্বও পালন করেন।

মন্ত্রণালয়ের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ৪টি অনুবিভাগ রয়েছে। এগুলো হলো: (১) প্রশাসন অনুবিভাগ (২) উন্নয়ন অনুবিভাগ (৩) পরিকল্পনা অনুবিভাগ এবং (৪) বাজেট ও অডিট অনুবিভাগ।

### প্রশাসন অনুবিভাগ

প্রশাসন অনুবিভাগ মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাগুলোর প্রশাসনিক কার্যক্রম সম্পাদন করে থাকে।

### উন্নয়ন অনুবিভাগ

উন্নয়ন অনুবিভাগ উন্নয়ন সহযোগী দেশ, সংস্থা ও আন্তর্জাতিক ব্যাংকসমূহের সাথে প্রয়োজনীয় সকল প্রকার যোগাযোগ, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং করে থাকে।

### পরিকল্পনা অনুবিভাগ

পরিকল্পনা অনুবিভাগ সকল প্রকল্পের অনুমোদন গ্রহণের সার্বিক প্রক্রিয়া সম্পাদন, স্থানীয় অর্থায়নে গৃহীত সকল প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং এবং এডিপিভুক্ত সকল প্রকল্পের অর্থছাড় করে থাকে।

### বাজেট ও অডিট অধিশাখা

পানি সম্পদ মন্ত্রণালয়ের ও সংস্থাসমূহের বাজেট বরাদ্দ ও অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিভিন্ন কার্যক্রম করে থাকে।

## জনবল

অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী মন্ত্রণালয়ের মোট জনবল হলো ১২৬ জন। তন্মধ্যে ১ম থেকে ৯ম গ্রেডের কর্মকর্তা মোট ১৪ জন, ১০ম গ্রেডের কর্মকর্তা মোট ২৬ জন, ১১তম থেকে ১৬তম গ্রেডের কর্মচারী স্থায়ী-অস্থায়ী মোট ৩০ জন, এবং ১৭তম থেকে ২০তম গ্রেডের কর্মচারী স্থায়ী-অস্থায়ী মোট ৩২জন রয়েছে।

### মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের বিবরণ

| | | | অনুমোদিত পদ | | |
|---|---|---|---|---|---|
| গ্রেড | ক্রমিক নং | পদের নাম | স্থায়ী | অস্থায়ী | মোট |
| ১ম-৯ম | ১ | সিনিয়র সচিব/ সচিব | ১ | ০ | ১ |
| | ২ | অতিরিক্ত সচিব | ১ | ০ | ১ |
| | ৩ | যুগ্ম-সচিব | ২ | ০ | ২ |
| | ৪ | যুগ্ম-প্রধান | ১ | ০ | ১ |
| | ৫ | উপ-সচিব | ৫ | ০ | ৫ |
| | ৬ | উপ- প্রধান | ২ | ০ | ২ |
| | ৭ | সিস্টেম এনালিস্ট | ১ | ০ | ১ |
| | ৮ | প্রোগ্রামার | ১ | ০ | ১ |
| | ৯ | সিঃ সহঃ সচিব/ সহঃ সচিব | ১৩ | ১ | ১৪ |
| | ১০ | সিনিয়র সহকারী প্রধান | ২ | ১ | ৩ |
| | ১১ | সহকারী প্রধান | ৪ | ০ | ৪ |
| | ১২ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ১ | ০ | ১ |
| | ১৩ | সহকারী প্রোগ্রামার | ০ | ১ | ১ |
| | ১৪ | সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিঃ | ০ | ১ | ১ |
| | | মোট (১ম-৯ম গ্রেড) | ৩৪ | ৪ | ৩৮ |
| ১০ম | ১ | প্রশাসনিক কর্মকর্তা | ১১ | ৩ | ১৪ |
| | ২ | ব্যক্তিগত কর্মকর্তা | ৭ | ৩ | ১০ |
| | ৩ | লাইব্রেরিয়ান | ১ | ০ | ১ |
| | ৪ | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ১ | ০ | ১ |
| | | মোট (১০ গ্রেড) | ২০ | ৬ | ২৬ |
| ১১-১৬ তম | ১ | হিসাবরক্ষক | ১ | ০ | ১ |
| | ২ | ক্যাশিয়ার | ১ | ০ | ১ |
| | ৩ | সাঁট মুদ্রাঃ কাম কম্পিঃ অপাঃ | ১১ | ১ | ১২ |
| | ৪ | কম্পিউটার অপারেটর | ০ | ৪ | ৪ |
| | ৫ | অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ | ৬ | ৪ | ১০ |
| | ৬ | ডুপ্লেকেটিং মেশিন অপারেটর | ১ | ০ | ১ |
| | | মোট (১১তম-১৬ তম গ্রেড) | ২১ | ৯ | ২৯ |
| ১৭-২০ তম | ১ | ক্যাশ সরকার | ১ | ০ | ১ |
| | ২ | অফিস সহায়ক | ২৪ | ৮ | ৩২ |
| | | মোট | ২৫ | ৮ | ৩৩ |
| | | সর্বমোট | ৯৯ | ২৭ | ১২৬ |

## পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদিত অর্গানোগ্রাম (২০১৭-২০১৮)



# সেবা সহজিকরণ

## ১১তম - ২০তম গ্রেডভুক্ত কর্মচারিদের পেনশন ও লামগ্র্যান্ট মঞ্জুরী প্রক্রিয়া সংক্রান্ত সেবা সহজিকরণ

**প্রেক্ষাপটঃ** পানি সম্পদ মন্ত্রণালয়ের ১১তম-২০তম গ্রেডভুক্ত কর্মচারিগণ অবসর গ্রহণের পর এ মন্ত্রণালয় কর্তৃক পেনশন ও লামগ্র্যান্ট মঞ্জুরী প্রদান করা হয়। কিন্তু বিদ্যমান মঞ্জুরী প্রক্রিয়া প্রায় ১২টি ধাপে ২৩ জন জনবলের সম্পৃক্ততায় দীর্ঘ ২২ দিনে সম্পন্ন হয়। এই বিদ্যমান পদ্ধতিকে সহজিকরণের মাধ্যমে মঞ্জুরী প্রক্রিয়া প্রায় ৭টি ধাপে ১২ জনের সম্পৃক্ততায় মাত্র ১০ দিনে সম্পন্ন করা সম্ভব হবে। এর ফলে ১১তম-২০তম গ্রেডভুক্ত কর্মচারিগণ অবসর গ্রহণের পর দ্রুত পেনশন ও লামগ্র্যান্ট ভোগ করতে পারবেন।

### ১. বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | যুগ্মসচিব (প্রশাসন) কর্তৃক আবেদন প্রাপ্তি ও প্রশাসন-২ শাখায় প্রেরণ | ১ দিন | যুগ্মসচিব ১জন |
| ধাপ-২ | হিসাব শাখায় প্রেরণ | ১ দিন | উপসচিব (প্রঃ২)+ প্রশাসনিক কর্মকর্তা= ২ জন |
| ধাপ-৩ | ছুটির প্রত্যয়ন তৈরী | ১ | হিসাব রক্ষণ কর্মঃ ও হিসাব রক্ষক= ২ জন |
| ধাপ-৪ | প্রশাসন-২ শাখায় গ্রহণ | ২ | উপসচিব+ প্রশাসনিক কর্মকর্তা= ২ জন |
| ধাপ-৫ | নথিতে উপস্থাপন | ২ | উপসচিব+ প্রশাসনিক কর্মকর্তা= ২ জন |
| ধাপ-৬ | যুগ্মসচিব (প্রশাসন) কর্তৃক গ্রহণ ও অডিট শাখায় প্রেরণ | ১ | যুগ্মসচিব + প্রশাসনিক কর্মকর্তা= ২ জন |
| ধাপ-৭ | অডিট শাখা কর্তৃক অডিট আপত্তি যাচাই ও প্রশাসন-২ শাখায় প্রেরণ | ২ | সিনিয়র সহকারি সচিব+ প্রশাসনিক কর্মকর্তা= ২জন |
| ধাপ-৮ | হিসাব শাখায় প্রেরণ | ২ | উপসচিব (প্রঃ২)+ প্রশাসনিক কর্মকর্তা= ২ জন |
| ধাপ-৯ | আবেদনকারীর আর্থিক দেনা পাওনা বিষয়ক তথ্য প্রশাসন-২ শাখায় প্রেরণ | ২ | হিসাব রক্ষণ কর্মঃ ও হিসাব রক্ষক= ২ জন |
| ধাপ-১০ | অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন | ৩ | উপসচিব (প্রঃ২)+ প্রশাসনিক কর্মকর্তা= ২ জন |
| ধাপ-১১ | যুগ্মসচিব (প্রশাসন) কর্তৃক অনুমোদন ও প্রশাসন-২ শাখায় প্রেরণ | ২ | যুগ্মসচিব (প্রশাসন), ১জন |
| ধাপ-১২ | প্রশাসন-২ কর্তৃক জিও জারি | ৩ | উপসচিব (প্রঃ২)+ প্রশাসনিক কর্মকর্তা+ অফিস সহায়ক= ৩ জন |

## ২. বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)



## ৩. বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরি ভিত্তিক প্রস্তাবনাঃ

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন | | |
| ২। দাখিলীয় কাগজপত্রাদি | | |
| ৩। সেবার ধাপ | ১২ টি ধাপে সম্পন্ন হয় | ৭টি ধাপে সম্পন্ন করা সম্ভব |
| ৪। সম্পৃক্ত জনবল | ২৩ জন জনবল প্রয়োজন | ১২ জন জনবল সম্পন্ন করতে পারবে |
| ৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | | |
| ৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা | | |
| ৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি | | |
| ৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি | | |
| ৯। রেকর্ড/তথ্য সংরক্ষণ | | |
| ১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | | |
| ১১। খরচ (নাগরিক+অফিস) | | |
| ১২। সময় (নাগরিক+অফিস) | ২২ দিন সময় প্রয়োজন | ১০ দিনে সম্পন্ন করা সম্ভব হবে |
| ১৩। যাতায়াত (নাগরিক) | | |
| ১৪। অন্যান্য | | |

## ৪. প্রস্তাবিত প্রসেস ম্যাপ

**ধাপ সংখ্যা - ৭ টি**
**সম্পৃক্ত জনবল - ১২ জন**
**মোট সময় - ১০ দিন**



### ৫. TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘণ্টা) | ২২ দিন | ১০ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | | |
| যাতায়াত | | |
| ধাপ | ১২ টি | ৭ টি |
| জনবল | ২৩ জন | ১২ জন |
| দাখিলীয় কাগজপত্র | | |

### ৬. সহজিকৃত সেবা বাস্তবায়ন পরিকল্পনা

| কার্যক্রম | তারিখ | তথ্য বাতায়নে আপলোডের তারিখ | বাস্তবায়নের অগ্রগতি | ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন | ১৯.১০.২০২০ | ১৯.১০.২০২০ | ১০০% | জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম<br>উপসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ)<br>মোবাইলঃ ০১৭৯৭৪৩৫৯০৩ |
| সরকারি আদেশ জারি | ১৯.১০.২০২০ | | | |
| পাইলটিং (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | |
| সারাদেশে বাস্তবায়ন | | | | |

## সেবার নামঃ পানি সম্পদ মন্ত্রণালয়ে ডিপিপি যাচাই-বাছাই সহজীকরণ

**প্রেক্ষাপটঃ** পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ নদী তীর সংরক্ষণ, বাঁধ/বেড়ি বাঁধ নির্মাণ/মেরামত, খাল খনন ইত্যাদির কাজে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে থাকে।

বর্তমানে বাস্তবায়নকারী সংস্থাসমূহ হতে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরিত ডিপিপি প্রক্রিয়াকরণ পূর্বক পরিকল্পনা কমিশনে প্রথমবার প্রেরণ করতে প্রায় দীর্ঘ ৮৪দিন সময় ব্যয় হয়। এই দীর্ঘ সময় ব্যয়ের কারণ মূলত প্রাক যাচাই না করেই মন্ত্রণালয়ে ডিপিপি প্রেরণ, সংস্থা হতে মন্ত্রণালয়ে পুনর্গঠিত ডিপিপি প্রেরণে দীর্ঘসূত্রিতা এবং মন্ত্রণালয় ও সংস্থায় প্রাক যাচাইয়ের জন্য অভিন্ন চেকলিস্ট না থাকা। ডিপিপি যাচাইবাছাই সহজিকরণের মাধ্যমে বাস্তবায়নকারী সংস্থা হতে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরিত ডিপিপি প্রক্রিয়াকরণপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে সময় কমানো সম্ভব হলে মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানে সঠিক ব্যবস্থাপনায় গতি সঞ্চারের পাশাপাশি স্বচ্ছতা এবং সরকারি সম্পদের অপচয় রোধ হবে।

### ১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | ডিপিপি গ্রহণ | ৭ | সিনিয়র সচিব মহোদয়- যুগ্মসচিব (পরিকল্পনা উইং)- উপসচিব (পরিকল্পনা অধিশাখা)- সিনিয়র সহকারী সচিব (শাখা কর্মকর্তা) |
| ধাপ-২ | যাচাই ও সভা আহবান | ১৬ | সিনিয়র সচিব মহোদয়- যুগ্মসচিব (পরিকল্পনা উইং)- উপসচিব (পরিকল্পনা অধিশাখা)- সিনিয়র সহকারী সচিব (শাখা কর্মকর্তা) |
| ধাপ-৩ | ডিপিপি পুনর্গঠনের জন্য বাস্তবায়নকারী সংস্থায় প্রেরণ | ১ | সিনিয়র সহকারী সচিব (শাখা কর্মকর্তা) |
| ধাপ-৪ | পুনর্গঠিত ডিপিপি গ্রহণ | ৩৭ | সিনিয়র সচিব মহোদয়- যুগ্মসচিব (পরিকল্পনা উইং)- উপসচিব (পরিকল্পনা অধিশাখা)- সিনিয়র সহকারী সচিব (শাখা কর্মকর্তা) |

| | | | |
|---|---|---|---|
| ধাপ-৫ | নীতিগত অনুমোদন | ৮ | মাননীয় প্রতিমন্ত্রী- সিনিয়র সচিব মহোদয়- যুগ্মসচিব (পরিকল্পনা উইং)- উপসচিব (পরিকল্পনা অধিশাখা)- সিনিয়র সহকারী সচিব (শাখা কর্মকর্তা) |
| ধাপ-৬ | ডিপিইসি সভা অনুষ্ঠান ও পরিকল্পনা কমিশনে প্রেরণ | ১৫ | সিনিয়র সচিব মহোদয়- যুগ্মসচিব (পরিকল্পনা উইং)- উপসচিব (পরিকল্পনা অধিশাখা)- সিনিয়র সহকারী সচিব (শাখা কর্মকর্তা) |

## ২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ :




## ৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ১। ডিপিপি গ্রহণ | যাচাইয়ের জন্য ডিপিপি উপযুক্ত কি না, তা দ্রুত যাচাইয়ের জন্য অনুমোদিত চেকলিস্ট নেই। | নিম্নলিখিত ডকুমেন্টস পর্যালোচনাপূর্বক গাইডলাইন ও ম্যাট্রিক্স সম্বলিত একটি চেকলিস্ট প্রণয়ন:<br>১. JICA Fact Finding Study on Public Investment Management in Bangladesh, 2012- Divisional Assessment Sheet;<br>২. DPP Manual (Instructions |
| ২। দাখিলীয় কাগজপত্রাদি | দাখিলীয় কাগজপত্রাদি যাচাই সভায় প্রস্তাবিত প্রকল্প যাচাইয়ের জন্য পর্যাপ্ত কি না, তা যাচাইয়ের অভিন্ন ফরম্যাট নেই। | |
| ৩। সেবার ধাপ | যাচাই সভা আহবানের জন্য কার্যপত্র তৈরি এবং যাচাই সভার পরে পুনর্গঠিত ডিপিপি প্রক্রিয়াকরণে বাস্তবায়নকারী সংস্থার দীর্ঘ সূত্রিতা। | |

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| | | for Preparing Development Project Proposal- Part-1: Main Guideline) / GED<br>৩. সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি- ২০১৬ / পরিকল্পনা বিভাগ;<br>৪. উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনের ফরম্যাট / এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ৩১/১/২০২১ |
| ৪। সম্পৃক্ত জনবল | মন্ত্রণালয়ে সর্বোচ্চ পাঁচজন । | জনবল যথাযথ । |
| ৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | মাননীয় প্রতিমন্ত্রী- সিনিয়র সচিব মহোদয়- যুগ্মসচিব (পরিকল্পনা উইং)- উপসচিব (পরিকল্পনা অধিশাখা)- সিনিয়র সহকারী সচিব (শাখা কর্মকর্তা) । | অনুমোদন প্রক্রিয়া যথাযথ । |
| ৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা | বাস্তবায়নকারী সংস্থা এবং বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য সমীক্ষা পরিচালনাকারী বহিঃসংস্থা । | প্রস্তাবিত অভিন্ন চেকলিস্ট অনুসরণের ফলে বাস্তবায়নকারী সংস্থা যথাযথ প্রক্রিয়ায় সম্পাদিত সমীক্ষা প্রতিবেদন সহ উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রেরণ করবে, বিধায় মন্ত্রণালয়ে প্রক্রিয়াকরণে কম সময় লাগবে । |
| ৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি | ১. জাতীয় পানি নীতি, ১৯৯৯;<br>২. বাংলাদেশ পানি আইন, ২০১৩;<br>৩. অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনার নির্দেশিকা;<br>৪. সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি- ২০১৬; (পরিপত্র)<br>৫. উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদনের ফরম্যাট / এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ৩১/১/২০২১ (পরিপত্র) | উন্নয়ন প্রকল্প প্রস্তাবনায় বর্ণিত আইন / বিধি / প্রজ্ঞাপন এর প্রতিপালন নিশ্চিত করার জন্য প্রস্তাবিত চেকলিস্টে গুরত্বের ক্রমানুসারে সূচক নির্ধারণ করা হয়েছে । |
| ৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি | প্রযোজ্য নয় | -- |
| ৯। রেকর্ড/তথ্য সংরক্ষণ | হার্ডকপি ও ই-নথিতে রেকর্ড / তথ্য সংরক্ষণ করা হচ্ছে । | রেকর্ড / তথ্য সংরক্ষণ প্রক্রিয়া যথাযথ |
| ১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না | প্রযোজ্য নয় | -- |
| ১১। সময় (নাগরিক+অফিস) | বিদ্যমান প্রক্রিয়ায় ডিপিপি যাচাই বাছাই পূর্বক ডিপিইসি সভা অনুষ্ঠান করে পরিকল্পনা কমিশনে প্রেরণে ৮৪ দিন সময় লাগে । | প্রস্তাবিত চেকলিস্ট অনুসরণে ৩০ দিন সময় লাগবে, অর্থ্যাৎ ৫৪ দিন সময় সাশ্রয় হবে । |
| ১২। অন্যান্য | ডিপিপি'র গুণগত মান | প্রস্তাবিত চেকলিস্ট অনুসরণে বাস্তবায়নকারী সংস্থা পর্যায়ে ডিপিপি প্রণয়নের মান উন্নততর হবে । |

## ৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ

চেকলিস্ট অনুযায়ী ডিপিপি গ্রহণ
(দিন-১, ব্যক্তি-১)

↓

নির্ধারিত দিনে যাচাই ও সভা আহবান
(দিন-৫, ব্যক্তি-১)

↓

পুর্নগঠনের জন্য ডিপিপি সংস্থায় প্রেরণ
(দিন-১, ব্যক্তি-১)

↓

পুর্নগঠিত ডিপিপি গ্রহণ
(দিন-১০, ব্যক্তি-৪)

↓

নীতিগত অনুমোদন
(দিন-৪, ব্যক্তি-৫)

↓

ডিপিইসি সভা ও পরিকল্পনা কমিশনে প্রেরণ
(দিন-৫, ব্যক্তি-৪)

## ৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | ডিপিপি গ্রহণ (ব্যক্তি-৪, দিন-৭) | ধাপ-১ | চেকলিস্ট অনুযায়ী ডিপিপি গ্রহণ (ব্যক্তি-১, দিন-১) |
| ধাপ-২ | যাচাই ও সভা আহবান (ব্যক্তি-৪, দিন-১৬) | ধাপ-২ | নির্ধারিত দিনে যাচাই ও সভা আহবান (ব্যক্তি-৪, দিন-৫) |
| ধাপ-৩ | ডিপিপি পুর্নগঠনের জন্য বাস্তবায়নকারী সংস্থায় প্রেরণ (ব্যক্তি-১, দিন-১) | ধাপ-৩ | ডিপিপি পুর্নগঠনের জন্য বাস্তবায়নকারী সংস্থায় প্রেরণ (ব্যক্তি-১, দিন-১) |
| ধাপ-৪ | পুনর্গঠিত ডিপিপি গ্রহণ (ব্যক্তি-৪, দিন-৩৭) | ধাপ-৪ | পুর্নগঠিত ডিপিপি গ্রহণ (ব্যক্তি-৪, দিন-১০) |
| ধাপ-৫ | নীতিগত অনুমোদন (ব্যক্তি-৫, দিন-৮) | ধাপ-৫ | নীতিগত অনুমোদন (ব্যক্তি-৫, দিন-৮) |
| ধাপ-৬ | ডিপিইসি সভা ও পরিকল্পনা কমিশনে প্রেরণ (ব্যক্তি-৪, দিন-১৫) | ধাপ-৬ | ডিপিইসি সভা ও পরিকল্পনা কমিশনে প্রেরণ (ব্যক্তি-৪, দিন-৫) |

## ৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘণ্টা) | ৮৪ দিন | ৩০ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | | |
| যাতায়াত | | |
| ধাপ | | |
| জনবল | | |
| দাখিলীয় কাগজপত্র | | |

**এই চেকলিস্ট তৈরিতে নিম্নোক্ত প্রতিবেদন / পরিপত্র / ফরম্যাট পর্যালোচনা করা হয়েছে:**

১. JICA Fact Finding Study on Public Investment Management in Bangladesh, 2012- Divisional Assessment Sheet;
২. DPP Manual (Instructions for Preparing Development Project Proposal- Part-1: Main Guideline) / GED
৩. সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি- ২০১৬ / পরিকল্পনা বিভাগ;
৪. উন্নয়ন প্রকল্প প্রস্তাবের প্রাথমিক যাচাই-বাছাই (পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক)

**উন্নয়ন প্রকল্প প্রস্তাবের প্রাথমিক যাচাই-বাছাই (পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক)**

### ১. প্রকল্পের পটভূমি পর্যালোচনা:

| ক্র. | বিষয় | মান | | |
|---|---|---|---|---|
| | | সন্তোষজনক নয়: ০ | মোটামুটি: ১ | উত্তম: ২ |
| ১.১ | পানি সম্পদ মন্ত্রণালয়ের লক্ষ্য, উদ্দেশ্য, কর্মপরিকল্পনার সাথে প্রকল্পের সম্পৃক্ততা: (MTBF KPI এর সাথে সঙ্গতিপূর্ণ কি না) | | | |
| ১.২ | প্রকল্পের উদ্দেশ্য, ফলাফল, আউটপুট এর সাথে লজিক্যাল ফ্রেমওয়ার্ক এর সঙ্গতি | | | |
| ১.৩ | বিদ্যমান / চলমান প্রকল্পের সাথে সম্পৃক্ততা: (অন্য প্রতিষ্ঠানের সাথে কাজের দ্বৈততার বিষয়টিও পর্যালোচনা করতে হবে) | | | |
| ১.৪ | দারিদ্র্য দুরীকরণে ভূমিকা ও জনসম্পৃক্ততা: (অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইন অনুসৃত হয়েছে কি না) | | | |

### ২. প্রকল্পের কারিগরি যৌক্তিকতা:

| ক্র. | বিষয় | মান | | |
|---|---|---|---|---|
| | | সন্তোষজনক নয়: ০ | মোটামুটি: ১ | উত্তম: ২ |
| ২.১ | প্রকল্পের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন: (কারিগরি কমিটিতে একাধিক বহিঃসদস্য আছে কি না; ভৌত ও গাণিতিক মডেলিং করা | | | |

| ক্র. | বিষয় | মান | | |
|---|---|---|---|---|
| | | সন্তোষজনক নয়: ০ | মোটামুটি: ১ | উত্তম: ২ |
| | হয়েছে কি না; হালনাগাদ তথ্য-উপাত্ত বিশ্লেষণ করা হয়েছে কি না-প্রভৃতি বিষয় পর্যালোচনা করতে হবে) | | | |
| ২.২ | পরিবেশগত ছাড়পত্র (EIA) সংক্রান্ত পর্যবেক্ষণ | | | |

৩. প্রকল্প ব্যয়ের যৌক্তিকতা:

| ক্র. | বিষয় | মান | | |
|---|---|---|---|---|
| | | সন্তোষজনক নয়: ০ | মোটামুটি: ১ | উত্তম: ২ |
| ৩.১ | প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ: (FNPV, FBCR, FIRR; ENPV, EBCR, EIRR পর্যালোচনা করতে হবে) | | | |
| ৩.২ | সমধর্মী প্রকল্পের তুলনামূলক ব্যয় বিশ্লেষণ | | | |

৪. চূড়ান্ত বিশ্লেষণ: উত্তম = ১৫-২০; চলতিমান = ১০-১৪; অগ্রহণযোগ্য = ১০<

# অধ্যায়-২

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের
# ২০২০-২১ অর্থবছরের
# উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণ
# ডকুমেন্টেশন

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## ভূমিকা

বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এ কারণে কৃষিজ সম্পদ দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বন্যা, অতিবৃষ্টিজনিত আগাম বন্যা, জলাবদ্ধতা, ফসলি জমিতে লোনা পানি প্রবেশ, খরা, সেচ সুবিধার অভাব, ইত্যাদি কৃষি উৎপাদনের প্রধান অন্তরায়। কৃষি উন্নয়নের জন্য পানি সম্পদ উন্নয়ন অপরিহার্য। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড দেশের পানি সম্পদ উন্নয়ন ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বন্যা প্রতিরোধ, সেচ ব্যবস্থা, পানি নিষ্কাশন, আবাদযোগ্য জমি লবণাক্ততা থেকে রক্ষা, সমুদ্র হতে নতুন নতুন জমি উদ্ধার কাজে নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এছাড়া দেশের শিল্প ও বাণিজ্য কেন্দ্র, শহর বন্দর, কৃষিযোগ্য জমি সীমান্ত বরাবর প্রবাহমান নদীসমূহ ভাঙ্গনের কবল থেকে বাংলাদেশের ভূখণ্ড নদীর ভাঙ্গন থেকে রক্ষা কাজেও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সর্বদা নিয়োজিত।

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সৃষ্টি

১৯৫৪ ও ১৯৫৫ সালের উপর্যুপরি ভয়াবহ বন্যায় দেশের জানমাল এবং অবকাঠামো ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। এরই পরিপ্রেক্ষিতে তদানীন্তন সরকারের আমন্ত্রণে জনাব জে, এ, ক্রুগের নেতৃত্বে ক্রুগ মিশন নামে জাতিসংঘের একটি প্রতিনিধিদল বাংলাদেশের জটিল পানি সম্পদ ব্যবস্থাপনার ওপর সমীক্ষা পরিচালনা করেন। ক্রুগ মিশনের সমীক্ষার সুপারিশক্রমে বাংলাদেশের সেচ ব্যবস্থার উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণসহ পানি সম্পদের উন্নয়ন, আহরণ, ব্যবহার এবং বিদ্যুৎ উন্নয়ন ও ব্যবস্থাপনার লক্ষ্যে ১৯৫৯ সনের অর্ডিন্যান্স নং-১ এর মাধ্যমে পূর্ব-পাকিস্তান পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ (ইপিওয়াপদা) সৃষ্টি করা হয়। তৎকালীন সেচ অধিদপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীকে ইপিওয়াপদার পানি উইং এ আত্মীকরণসহ প্রকৌশলী, বিজ্ঞানী, কারিগরি ও অ-কারিগরি বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ বিপুল সংখ্যক কর্মচারী নিয়োগ করা হয়। পরবর্তীতে ১৯৭২ সালে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রেসিডেন্ট অর্ডার নং- ৫৯ এ তদানীন্তন ইপিওয়াপদার “পানি উইং” নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) নামে একটি স্বতন্ত্র সংস্থা সৃষ্টি করা হয়।

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০

পরিবর্তিত প্রেক্ষাপটে জাতীয় পানি নীতি ১৯৯৯ এর অনুসরণে সমন্বিত ও জনগণের অংশগ্রহণের মাধ্যমে দেশের পানি সম্পদের উন্নয়ন ও দক্ষ ব্যবস্থাপনার লক্ষ্যে ১১ জুলাই, ২০০০ এ “বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০” জারি করা হয়। অনুমোদিত জাতীয় পানি নীতি অনুসরণপূর্বক পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পানি সম্পদ সেক্টরের অন্যতম প্রধান বাস্তবায়নকারী সংস্থা হিসেবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান নির্বাহী মহাপরিচালক। মহাপরিচালক এবং তাঁর অধীনস্ত ৫ জন অতিরিক্ত মহাপরিচালক সমন্বয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ব্যবস্থাপনা কার্য পরিচালনা করে আসছে। পানি সেক্টরের মাঠ পর্যায়ের প্রকল্প/প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং সমাপ্ত প্রকল্পের রক্ষণাবেক্ষণ কর্মকাণ্ড সম্পাদনের জন্য সারাদেশকে ৯টি জোনে (উত্তর-পূর্বাঞ্চল, কেন্দ্রীয় অঞ্চল, উত্তরাঞ্চল, দক্ষিণাঞ্চল, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, পূর্বাঞ্চল, পশ্চিমাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চল ও উত্তর-পশ্চিমাঞ্চল) বিভক্ত করা হয়েছে এবং প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী জোনের দায়িত্ব পালনে নিয়োজিত রয়েছেন।

## পরিচালনা পরিষদ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন, ২০০০ অনুসারে বোর্ডের সার্বিক নীতি নির্ধারণের জন্য একটি পরিচালনা পরিষদ রয়েছে। পরিচালনা পরিষদের চেয়ারম্যান মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিভিন্ন মন্ত্রণালয়ের ৪ (চার) জন সচিবসহ সরকারি/বেসরকারি সেক্টরের বিভিন্ন পেশার প্রতিনিধি এবং মাঠ পর্যায়ে পানি ব্যবস্থাপনা সমিতির সাথে সংশ্লিষ্ট প্রতিনিধিসহ ১২ (বারো) সদস্য সমন্বয়ে এ পরিচালনা পরিষদ গঠিত।

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন ২০০০ অনুসারে বাপাউবোর কার্যাবলি

### (ক) কাঠামোগত কার্যাবলি

১. নদী ও অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন, সেচ ও খরা প্রতিরোধের লক্ষ্যে জলাধার, ব্যারেজ, বাঁধ, রেগুলেটর বা অন্য যে কোন অবকাঠামো নির্মাণ;

২. সেচ, মৎস্য চাষ, নৌপরিবহন, বনায়ন, বন্যপ্রাণী সংরক্ষণ ও পরিবেশের সার্বিক উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে পানি প্রবাহের উন্নয়ন কিংবা পানি প্রবাহের গতিপথ পরিবর্তনের জন্য জলপথ, খালবিল ইত্যাদি পুনঃখনন;

৩. ভূমি সংরক্ষণ, ভূমি পরিবৃদ্ধি ও পুনরুদ্ধার এবং নদীর মোহনা নিয়ন্ত্রণ;

৪. নদীতীর সংরক্ষণ এবং নদী ভাঙ্গন হতে সম্ভাব্য ক্ষেত্রে শহর, বাজার, হাট এবং ঐতিহাসিক ও জাতীয় জনগুরুত্বপূর্ণ স্থানসমূহ সংরক্ষণ;

৫. উপকূলীয় বাঁধ নির্মাণ ও সংরক্ষণ;

৬. লবণাক্ততার অনুপ্রবেশ রোধ এবং মরুকরণ প্রশমন;

৭. সেচ, পরিবেশ সংরক্ষণ ও পানীয় জল আহরণের লক্ষ্যে বৃষ্টির পানি ধারণ।

### (খ) অকাঠামোগত ও সহায়ক কার্যাবলি

i) বন্যা ও খরা পূর্বাভাস সতর্কীকরণ;

ii) পানিবিজ্ঞান সম্পর্কিত অনুসন্ধান কার্য পরিচালনা এবং এতদ্‌সম্পর্কিত তথ্য ও উপাত্ত গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ;

iii) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারের সংশ্লিষ্ট সংস্থার সহযোগিতায় এবং সম্ভাব্য ক্ষেত্রে বোর্ড কর্তৃক সৃষ্ট অবকাঠামোভুক্ত নিজস্ব জমিতে বনায়ন, মৎস্য চাষ কর্মসূচি বাস্তবায়ন এবং বাঁধের উপর রাস্তা নির্মাণ;

iv) বোর্ডের কার্যাবলির উপর মৌলিক ও প্রায়োগিক গবেষণা;

v) বোর্ড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সুফল সংশ্লিষ্ট সুবিধাভোগীদের মধ্যে অব্যাহত রাখার লক্ষ্যে সুবিধাভোগীদের সংগঠিতকরণ, প্রকল্পে তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রকল্প রক্ষণাবেক্ষণ ও পরিচালন এবং প্রকল্প ব্যয় পুনরুদ্ধার সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল ও প্রাতিষ্ঠানিক কাঠামো উদ্ভাবন, বাস্তবায়ন ও পরিচালন।

## সাংগঠনিক কাঠামো

প্রকল্প বাস্তবায়ন এবং সমাপ্ত-প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণসহ পানি সেক্টরের সকল কর্মকাণ্ড সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দপ্তর সমূহের বিস্তারিত নিম্নের সাংগঠনিক কাঠামোতে প্রদর্শিত হয়েছে।


বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামো
পরিচালনা পরিষদ

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আইসিটি সেবা প্রোফাইল

**তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসার এবং ই-গভর্নেন্স এর বিষয়ে গৃহীত ও গৃহীতব্য কার্যক্রম**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়নের মধ্য দিয়ে বর্তমান সরকারের "ডিজিটাল বাংলাদেশ" রূপরেখার সুশাসন, স্বচ্ছতা ও সামাজিক সমতা প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে Personnel Management Information System (PMIS). Online Recruitment Management System (ORMS), Online Payment Gateway and SMS Gateway Service System, Geographic Information System (GIS) Based Digital Land Information System, Biometric Online Attendance System, Online Hydrological Data Sale System, APR Monitoring System, Online Training Management System, Online GAD System, Electronic Government Procurement (eGP), Auto Real Time Data Acquisition System (ARTDAS), MODFLOW-Hydro Geo Analyst System, RIVER Morphology System, GIS based MIS of Completed Project (SIMS), Smart Project Monitoring and Management Information System (SPMMIS), IP Camera based Monitoring System, Development and Piloting of WMO-Registration & Irrigation Management system, Implementation of Intercom and IP Phone via soft-switch বাস্তবায়ন করা হয়েছে এবং Online Disaster Damage Reporting System, Legal Affairs Information Management System, Deposit Work Management System, Lease Management System and One Stop Services এর কার্যক্রম পর্যায়ক্রমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তথ্য প্রযুক্তি খাত আরো সমৃদ্ধ করার মাধ্যমে বোর্ডের কর্মকাণ্ড অধিকতর গতিশীল হয়েছে এবং অনেক সুফল পাওয়া যাচ্ছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তথ্য প্রযুক্তি খাত এবং লোকবলকে আরো দক্ষ, গতিশীল ও সমৃদ্ধ করার জন্যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আরও অনেক কর্মকাণ্ড চালু ও পরিকল্পনা করা হয়েছে, যা ভবিষ্যতে পরিকল্পিত ও প্রত্যাশিত সুফল বয়ে আনবে।

এছাড়াও সংস্থার অভ্যন্তরীণ বিভিন্ন কার্যক্রমে যেমন- প্রশাসন, মানবসম্পদের তথ্য ব্যবস্থাপনা, তথ্য আদান-প্রদান, গবেষণা, পরিকল্পনা, ওয়েবসাইটের মাধ্যমে বিভিন্ন তথ্য ও টেন্ডার প্রকাশ ইত্যাদি কাজে বহুদিন যাবৎ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ বার্তা সর্বসাধারণের বোধগম্যভাবে বাংলায় ও ইংরেজীতে অনলাইনে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বর্তমানে বাংলাদেশের যে কোন প্রান্তের জনগণ মোবাইল হতে ১০৯০ নাম্বারে ডায়াল করে প্রতিদিনের ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাস ইত্যাদির পূর্বাভাস শুনতে পারেন। ফলে দেশের কৃষকসহ সর্বস্তরের জনগণ বন্যার পূর্ব-প্রস্তুতি গ্রহণ করার সুযোগ পাচ্ছে এবং জান-মাল ও সম্পদ ক্ষয়ক্ষতি থেকে রক্ষা পাচ্ছে। ভবিষ্যতে ডিজাইন, পরিকল্পনা, তথ্য প্রসেসিং, অনলাইনে প্রজেক্ট মনিটরিং, দুর্যোগ এর ক্ষতিসমূহ অনলাইনে প্রতিবেদন পাওয়াসহ ইত্যাদি কাজে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বোর্ড তথা দেশকে দ্রুততার সাথে সেবা প্রদানের কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন আছে।

ডিজিটাল বাংলাদেশ বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ, এগুলোর অগ্রগতি, ভবিষ্যত পরিকল্পনার তালিকা নিম্নোক্ত সারণীতে উপস্থাপন করা হলো।

| ক্রম | কর্মসূচির নাম | গৃহীত কর্মসূচির বর্ণনা | কর্মসূচির প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সারাদেশে বন্যা পূর্বাভাস অনলাইনে প্রদান | হাইড্রোলজিক্যাল ডেটা এন্ট্রি, প্রসেসিং, কোয়ালিটি কন্ট্রোল, এ্যানালাইসিস, প্রবাহ ক্যালকুলেশন, এমডিডি, Flood Frequency Analysis, রেটিং কার্ভ তৈরী, ডেটা সংরক্ষণ ও ম্যাপ তৈরী। | বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ ব্যবস্থায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পানি সমতল ও বৃষ্টিপাতের উপাত্ত সংগ্রহ করার মাধ্যমে ৩৮টি পয়েন্টে ৫ দিনের আগাম সুনির্দিষ্ট পূর্বাভাস ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে প্রচার করা হচ্ছে। | ২০০০-০১ সালে বাস্তবায়িত ও ২০১৪-১৫ সালে আধুনীকরণকৃত। |

| ক্রম | কর্মসূচির নাম | গৃহীত কর্মসূচির বর্ণনা | কর্মসূচির প্রত্যাশিত ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২ | Modernization of MoWR Financial Management | Payroll, Bank Reconciliation, Accounts Payable, General Leger, Provident Fund, Pension, Loan and Audit system automation | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), নদী গবেষণা ইন্সটিটিউট (নগই) ও যৌথ নদী কমিশন, বাংলাদেশের (জেআরসি) হিসাব আধুনিকায়ন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের হিসাব ব্যবস্থাপনায় বর্তমানে ব্যবহৃত হচ্ছে। | ২০০১-০৩ সালে বাস্তবায়িত। |
| ৩ | Electronic Government Procurement (eGP) | CPTU এর সহায়তায় পানি উন্নয়ন বোর্ডের ক্রয় ও কার্যের দরপত্র অনলাইনে প্রক্রিয়াকরণ। | দরপত্র প্রক্রিয়াকরণে দ্রুত মূল্যায়ন, রিপোর্টিং ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং সময় ও অর্থের সাশ্রয়করণ। | ২০০৯-১০ সালে CPTU কর্তৃক শুরু হয়ে ২০১২-১৩ সালে বাস্তবায়িত। |
| ৪ | Modernization of BWDB Network | ডেটা ওয়্যারহাউজিং, ডেটা অ্যানালাইসিস, পূর্বাভাস এবং ডেটা বোধগম্যভাবে সহজলভ্য করা। | পানি সম্পদ মন্ত্রণালয়সহ পানি উন্নয়ন বোর্ডের দপ্তরসমূহকে একই নেটওয়ার্কের আওতায় আনা এবং কেন্দ্রীয়ভাবে মনিটর করা। | ২০০৯-১০ সালে ওয়াপদা ভবনে বাস্তবায়িত। |
